

তামীরুল মিল্লাত কামিল মাদ্রাসা

নির্বাচনী পরীক্ষা-২০২০

ফাযিল স্নাতক (সম্মান) ১ম বর্ষ

আদ্ দাওয়া অ্যান্ড ইসলামিক স্টাডিজ

বিষয় কোড: ২০৩১০৪

সময়: ৪ ঘণ্টা

পূর্ণমান-৮০

ক বিভাগ

মান-১০×২=২০

১. ক. মধ্যযুগের বাংলা সাহিত্যের নিদর্শন হিসেবে বৈষ্ণব পদাবলির পরিচয় দাও।

অথবা,

খ. টীকা লেখ:

ক. চর্যাপদ

খ. শ্রীকৃষ্ণকীর্তন

২. ক. বাংলা গদ্যের বিকাশে বাংলা ফোর্ট উইলিয়াম কলেজের অবদান মূল্যায়ন কর।

অথবা,

খ. 'মাইকেল মধুসূদন দত্ত আধুনিক বাংলা কবিতার উদগাতা'-মন্তব্যটি মূল্যায়ন কর।

খ বিভাগ

মান-১০×২=২০

৩. ক. ড. শহীদুল্লাহ রচিত 'আমাদের ভাষা সমস্যা'-প্রবন্ধটি এদেশে বাংলা ভাষা প্রতিষ্ঠার প্রচেষ্টার উৎকৃষ্ট প্রয়াস'-তুমি স্বীকার কর কি? 'আমাদের ভাষা সমস্যা'-প্রবন্ধ অবলম্বনে তোমার মতামত দাও।

অথবা,

খ. তৈলের মহিমা অতি অপরাধ, তৈল নহিলে জগতের কোনো কার্য সিদ্ধ হয় না-হরপ্রসাদ শাস্ত্রী রচিত 'তৈল'-প্রবন্ধ অবলম্বনে উক্তিটির মূল্যায়ন কর।

৪. ক. সমাপ্তি' গল্প অবলম্বনে মৃগায়ীর চরিত্র বিশ্লেষণ কর।

অথবা,

খ. শিউলিমালা গল্প অবলম্বনে ব্যরিস্টার আজহার ও শিউলির প্রেমের স্বরূপ বিশ্লেষণ কর।

গ বিভাগ

মান-১০×২=২০

৫. ক. রবীন্দ্রনাথ ঠাকুরের 'বলাকা' কবিতায় জগতের যে এক নতুন চিন্তার সমাবেশ ঘটেছে-তার পরিচয় দাও।

অথবা,

খ. 'উমর ফারুক' কবিতা অবলম্বনে হযরত উমরের মানবিক চারিত্রিক গুণাবলি আলোচনা কর।

৬. ক. "দেহগত প্রেম নয় হৃদয়গত উপলব্ধিই বনলতা সেন কবিতায় কবির চিন্তা চেতনা নির্বিষ্ট- বনলতা সেন" কবিতা আলোচনা প্রসঙ্গে উক্তিটির বিচার কর।

অথবা,

খ. মুসাফির কবিতায় জীবনের যে চরম বাস্তবতার চিত্রটি ফুটে উঠেছে তা আলোচনা কর।

ঘ বিভাগ

মান-৫×৪=২০

৭. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:-

ক. উদাহরণসহ সাধু ও চলিত ভাষার পার্থক্য পাঁচটি লেখ।

খ. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর: পাঁচটি:

ত্রিফলা, বেসামাল, প্রতিদিন, হাতেকলমে, নদীমাতৃক, যুগান্তর, তালকানা

গ. প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর: পাঁচটি

শৈশব, মুক্তি, বার্ষিক, কর্তব্য, ঘটকালি, রাখাল, মিশুক

ঘ. শব্দ কাকে বলে? কী কী উপায়ে বাংলা ভাষায় নতুন শব্দ গঠিত হতে পারে উদাহরণসহ লেখ।

ঙ. আধুনিক বাংলা বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ।

চ. ভাবসম্প্রসারণ কর:

বিশ্বে যা কিছু মহান সৃষ্টি চিরকল্যাণকর

অর্ধেক তার করিয়াছে নারী অর্ধেক তার নর

ছ. মাদরাসার সাংস্কৃতিক পক্ষ উদ্বোধন উপলক্ষে সুধীবৃন্দকে আমন্ত্রণ জানিয়ে পত্র লেখ।